

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩২৫

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. সালাত সম্পাদনের পদ্ধতি - ফর্য সালাতের পরে যিকরসমূহের বিবরণ

আরবী

وَعَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ _ رضي الله عنه _ أَنَّ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ قَالَ لَهُ: «أُوصِيكَ يَا مُعَاذُ: لَا تَدَعَنَّ دُبُرَ كُلِّ صَلَاةٍ أَنْ تَقُولُ: اللَّهُمَّ أَعِنِّي عَلَى ذِكْرِكَ وَشُكْرِكَ وَشُكْرِكَ وَحُسْنِ عِبَادَتِكَ». رَوَاهُ أَحْمَدُ, وَأَبُو دَاؤْدَ, وَالنَّسَائِيُّ بِسَنَدٍ قَوِيٍّ

صحيح. رواه أحمد (6/ 244 _ 245)، وأبو داود (1522)، والنسائي (3/ 53) من طريق عقبة بن مسلم، حدثني أبو عبد الرحمن الحبلي، عن الصنابحي، عن معاذ به. وعندهم قول النبي _ صلى الله عليه وسلم_: لمعاذ: «يا معاذ والله إني لأحبك» وعند النسائي وأحمد: «وأنا أحبك يا رسول الله» وزاد أحمد: «بأبي أنت وأمي». وعند أبي داود وأحمد عقيب الحديث: وأوصى بذلك معاذ الصنابحيَّ، وأوصى الصنابحيُّ أبا عبد الرحمن. زاد أحمد: وأوصى أبو عبد الرحمن عقبة بن مسلم

বাংলা

৩২৫. মু'আয বিন জাবাল থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে বললেন, তুমি অবশ্যই প্রত্যেক ফরয সালাতের পরে এ দু'আটি বলতে ছাড়বে না- আল্লাহুশ্মা আ-ইন্নী 'আলা যিকরিকা ওয়া শুকরিকা ওয়া হুসনি 'ইবাদাতিকা। অর্থ: হে আল্লাহ আমি তোমার নিকটে তোমার শ্বরণের, তোমার প্রতি কৃতজ্ঞতার ও তোমার উত্তম বন্দেগী করার সহযোগীতা চাই)। আহমাদ, আবূ দাউদ আর নাসায়ী-একটি মজবুত সানাদে।[1]

ফুটনোট



[1] আবৃ দাউদ ১৫২২, নাসায়ী ১৩০৩, আহমাদ ২১৬২১। উকবাহ বিন মুসলিম বলেন, 'আব্দুর রহমান আল হবলা' সুনাবিহী (রঃ) থেকে আমার নিকট হাদীস বর্ণনা করেন, তিনি (সুনাবিহী) মুয়ায (রাঃ) থেকে হাদীস বর্ণনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুয়াযকে বললেনঃ হে মুয়ায! আল্লাহর শপথ নিশ্চয়় আমি তোমাকে ভালবাসি। তখন মুয়ায (রাঃ) বলেন, আমার পিতা-মাতা আপনার জন্য উৎসর্গ হোক হে আল্লাহর রাসূল। আমিও আপনাকে ভালবাসি। আবৃ দাউদ এবং আহমাদের বর্ণনায় উক্ত হাদীসের শেষে রয়েছে, মুয়ায (রাঃ) সুনাবিহীকে প্রত্যেক সালাতের শেষে উক্ত বর্ণিত দু'আ পাঠ করতে ওসীয়তা করলেন এবং সুনাবিহীও আবৃ আব্দুর রহমানকে এ ব্যাপারে ওসীয়তা করলেন। আহমাদ এর বর্ণনায় আরো রয়েছে, আবৃ আব্দুর রহমান উকবাহ বিন মুসলিমকে উক্ত দোয়া পাঠ করতে ওসীয়ত করেছেন। এখান থেকে দু'আটি প্রত্যেক সালাতের শেষে পাঠ করার মর্যাদা বুঝা যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন